

স্মারক নং- ০৫.৪৩.৬৯০০.০২৩.১৬.০০২.১৮-৪২৫


তারিখঃ ২৬/০৮/২০১৯খ্রি.

বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ৩০ মে ২০১৯ তারিখের ৫৬.০৪.০০০০.০১০.২০.০০২.১৮.১০৪২ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে জেলা প্রশাসন, নাটোর এর তত্ত্বাবধানে জেলা পর্যায়ে ২০ (বিশ) জন প্রশিক্ষার্থীর সমন্বয়ে ১৫ (পনের) দিনব্যাপী আউটসোর্সিং প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিম্নোক্ত যোগ্যতা/শর্তাবলী/তথ্যাবলী সম্পন্ন প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী/তথ্যাবলী/যোগ্যতাঃ

- ১। শিক্ষাগত যোগ্যতাঃ সর্বনিম্ন এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
- ২। বেসিক আইসিটি, ইন্টারনেট ব্রাউজিং ও বেসিক ফটোশপের দক্ষতা থাকতে হবে।
- ৩। ফ্রিল্যান্সিংকে পেশা হিসাবে গ্রহণ ইচ্ছুক এমন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ৪। আবেদনে (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ও স্থায়ী ঠিকানা (ঙ) শিক্ষাগত যোগ্যতা (চ) অভিজ্ঞতা (যদি থাকে) (ছ) জন্ম তারিখ (জ) বয়স (ঝ) লিঙ্গ (ঞ) জাতীয়তা (ট) মোবাইল নম্বর উল্লেখসহ ২ কপি পাসপোর্ট সাইজ ছবি (ঠ) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি (ড) বেসিক আইসিটি, ইন্টারনেট ব্রাউজিং ও বেসিক ফটোশপের দক্ষতা সম্পন্ন সার্টিফিকেটের ছায়ালিপি (ঢ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদপত্রের ছায়ালিপি সংযুক্ত করতে হবে।
- ৫। প্রশিক্ষার্থীর অবশ্যই নিজস্ব ল্যাপটপ, মাল্টিপ্লাগ, মডেম ইত্যাদি থাকতে হবে।
- ৬। দরখাস্ত আগামী ০৪/০৯/২০১৯ইং তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর-এ আইসিটি শাখায় জমা প্রদান করতে হবে।
- ৭। প্রশিক্ষার্থীকে মৌখিক পরীক্ষার মাধ্যমে নির্বাচন করা হবে।
- ৮। প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান করা হবে।
- ৯। দূরবর্তী প্রশিক্ষার্থীদের নিজ ব্যবস্থাপনায় থাকা-খাওয়ার ব্যবস্থা করতে হবে।
- ১০। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১১। আগামী ০৯/০৯/২০১৯খ্রি. তারিখ রোজ সোমবার মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- ১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(মোঃ আশরাফুল ইসলাম)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
নাটোর।

ফোনঃ ০৭৭১-৬৬৭৭৮ (অফিস)

ই-মেইলঃ adcgnatore@mopa.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল).....নাটোর। তাঁর উপজেলায় বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৩। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি